তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

NOV. 22 200?

দৈনিক জনকণ্ঠ

# চট্টগ্রামের স্কুলগুলোতে ভর্তির মৌসুম শুরু ॥ অভিভাবকদের উদ্বেগ উৎকণ্ঠার সীমা নেই

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রামের স্কুলগুলোতে ভর্তির মৌসুম শুরু হয়েছে। ফরম সংগ্রহ ও বিস্তারিত তথ্য জানতে স্কুলে স্কুলে চলছে অভিভাবকদের আনাগোনা। একই সাথে চলছে স্কুল যাচাই-বাছাই। অন্যদিকে নগরীতে সদ্য প্রতিষ্ঠিত স্কুলের শিক্ষকরা অভিভাবকদের দুয়ারে কড়া নাড়ছেন শিক্ষার্থী পাঠানোর তাগিদ দিয়ে।

চট্টগ্রামের অধিকাংশ স্কুলে বার্ষিক পরীক্ষা এখন শেষ পর্যায়ে। ইতোমধ্যে বেশ ক'টি স্কুলের বার্ষিক পরীক্ষা সম্পন্ন হয়েছে। বার্ষিক পরীক্ষার ফল তৈরির পাশাপাশি এসব স্কুলে চলছে নতুন শিক্ষার্থী ভর্তির প্রস্তুতি। কেজি থেকে নবম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রী ভর্তির প্রক্রিয়াও শুরু হয়েছে বেশ কিছু স্কুলে। তবে ছাত্রছাত্রী ও অভিভাবকরা তীর্থের কাকের মতো তাকিয়ে আছে নগরীর নামীদামী ও ঐতিহ্যবাহী স্কুলগুলোর দিকে। এসব স্কুলে ভর্তি প্রক্রিয়া এখনও শুরু হয়নি। শীঘ্রই শুরু হবে বলে স্কুল সূত্র জানিয়েছে। নগরীর কলেজিয়েট হাই স্কুল, ডাঃ খাস্তগির উচ্চ বালিকা বিদ্যালয়, নাসিরাবাদ সরকারী বালক ও বালিকা বিদ্যালয় ও চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়সহ সরকারী স্কুলগুলোতে ডিসেম্বরের শেষের দিকে ভর্তি প্রক্রিয়া শুরু হবে। এসব স্কুলে চতুর্থ থেকে নবম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

এদিকে বেসরকারী পর্যায়ে শীর্ষস্থানীয় ইস্পাহানি পাবলিক স্কুল এ্যান্ড কলেজে কেজি শ্রেণীতে ভর্তি ফরম বিতরণ সোমবার থেকে শুরু হয়েছে। আজ বুধবার পর্যন্ত এ ফরম বিতরণ করা হবে এবং আজই জমা নেয়া হবে। এ বছর কেজি শ্রেণীতে ১শ' শূন্য আসনে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। তবে ষষ্ঠ শ্রেণীতে আগামী বছর জানুয়ারি প্রথম সপ্তাহে ভর্তি ফরম বিতরণ শুরু হবে বলে স্কুলের অধ্যক্ষা হাসিনা জাকারিয়া জানান। এ ছাড়া, চতুর্থ, অষ্টম ও নবম শ্রেণীতে অত্যন্ত সীমিত আসনে ছাত্রছাত্রী ভর্তি করা হতে পারে বলে তিনি জানান। অন্যান্য বেসরকারী স্কুলের মধ্যে চট্টগ্রাম পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, বাংলাদেশ মহিলা সমিতি স্কুল এ্যান্ড কলেজ, সেন্ট প্লাসিড্স, সেন্ট স্কলাস্টিক্স, অপর্ণা চরণ, কৃষ্ণ কুমারী, কুসুম কুমারী প্রভৃতি স্কুলে বিভিন্ন শ্রেণীতে ভর্তি পরীক্ষা শীঘ্রই শুরু হবে। ভর্তির খবর জানতে উদ্বিগ্ন অভিভাবকরা প্রতিদিন নগরীর নামীদামী ও শীর্ষস্থানীয় স্কুলগুলোতে ভিড় জমাচ্ছেন। সন্তানদের বার্ষিক পরীক্ষা শেষ হতে না হতেই ভর্তি পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে শুরু করেছে অধিকাংশ ছাত্রছাত্রী। এ ছাড়া এ বছর বিপুল সংখ্যক ছাত্রছাত্রী কেজি শ্রেণীতে ভর্তির মাধ্যমে তাদের শিক্ষাজীবন শুরু করতে যাচ্ছে। এসব ক্ষুদে শিক্ষার্থীর স্কুল নিয়েও অভিভাবকদের উদ্বেগ-উৎকণ্ঠার শেষ নেই।

এদিকে, নগরীতে সদ্য প্রতিষ্ঠিত স্কুল কর্তৃপক্ষ ছাত্রছাত্রী সংগ্রহের প্রতিযোগিতায় নেমেছে। শিক্ষার্থী সংগ্রহ অভিযানের অংশ হিসাবে এলাকাভিত্তিক ঘরে ঘরে জনসংযোগ চালাচ্ছে কলেজ-বিশ্ববিদ্যালয় পড়ুয়া এক শ্রেণীর যুবক-যুবতী। যারা এসব স্কুলে শিক্ষক-শিক্ষিকা হিসাবে নিয়োগ পেয়েছেন।